

লালমাটিয়া মহিলা কলেজ

লালমাটিয়া, ঢাকা-১২০৭

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ : ২৩/০১/২০২১ খ্রি:

লালমাটিয়া মহিলা কলেজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তি কার্যক্রম চলছে। বাংলা, ইংরেজি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা বিষয়ে ভর্তির জন্য আবেদন করা যাবে। আগ্রহী শিক্ষার্থীদের নির্ধারিত তারিখের মধ্যে প্রশাসনিক ভবনে নির্ধারিত কাউন্টারে সংশ্লিষ্ট বিষয়ের অফিস সহকারীদের সাথে যোগাযোগ করে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে বলা হলো।

☐ আবেদনের যোগ্যতা :

- ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর এবং গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। এছাড়া ভর্তিচ্ছুক বিষয়টিতে স্নাতক (পাস) পরীক্ষায় ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসেবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.০ থাকতে হবে।
- খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় পরীক্ষায় (৪০০ নম্বর সম্বলিত) ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।
- গ) উল্লেখ্য যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স প্রোগ্রামের জন্য প্রণীত নতুন সিলেবাস অনুযায়ী ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) রেজিস্ট্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ করা হবে।
- ঘ) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।
- ঙ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল করে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।
- চ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।
- ☐ আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) Masters Tab-এ গিয়ে Apply Now (Masters Preli. Private) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

☐ অনলাইনে ভর্তি ফরম পূরণ ও প্রিন্ট কপি সংগ্রহের তারিখ: ২৫/০১/২০২১ থেকে ০৭/০২/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত

☐ কলেজে ভর্তির তারিখ : ২৬/০১/২০২০ থেকে ০৮/০২/২০২০ খ্রি: তারিখ পর্যন্ত

☐ ভর্তির সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে -

- (ক) এসএসসি, এইচএসসি ও ডিগ্রি পাস পরীক্ষা পাশের নম্বরপত্র ও সনদের সত্যায়িত ফটোকপি;
- (খ) ডিগ্রি (পাস) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি;
- (গ) সদ্য তোলা ৫ কপি পাসপোর্ট সাইজের ছবি;
- (ঘ) ভর্তির প্রাথমিক আবেদনের শিক্ষার্থীর অংশের মূল কপি।

☐ রেজিস্ট্রেশনের জন্য দেয় টাকার হিসাব :

ক্রমিক নম্বর	বিবরণ	টাকার পরিমাণ
১	রেজিস্ট্রেশন ফি	৮০০/-
২	ভর্তি ফি	২,৪০০/-
৩	কলেজ উন্নয়ন	২,৫০০/-
৪	ব্যবস্থাপনা ফি	৫০/-
৫	পরিচয় পত্র	২৫০/-
মোট =		৬,০০০/-

উল্লেখ্য যে, আবেদন ফরম ৩০০/- (জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত), ভর্তি ফরম ২০০/- টাকা ও কলেজ পরিচিতি ২৫০/- টাকা মোট ৭৫০/- টাকা নগদ জমা দিয়ে প্রশাসনিক ভবনের পশ্চিম পার্শ্বে নির্ধারিত ১০ নম্বর কাউন্টারে ক্যাশিয়ার মোঃ মিজানুর রহমান-এর নিকট হতে ভর্তি ফরম ও কলেজ পরিচিতি সংগ্রহ করতে হবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিলেবাসে আইসিটি অন্তর্ভুক্ত থাকলে ল্যাব ফি বাবদ ১২০০/- এবং টার্ম পেপার ৩০০/- টাকা অতিরিক্ত প্রদান করতে হবে।

☐ উল্লেখ্য যে, ইনকোর্স পরীক্ষার ফি ১,০০০/- টাকা ও অনলাইন ফি ২৪০/- নির্ধারিত পরীক্ষা শুরুর পূর্বে পরিশোধ করতে হবে। এ বিষয়ে যথাসময়ে নোটিশ প্রদান করা হবে।

☐ বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions কলেজের ওয়েবসাইট www.lalmatiyamohilacollege.edu.bd এবং কলেজের অফিস থেকে জানা যাবে।

☐ অনলাইন আবেদন ফরম কলেজের অফিসে সংশ্লিষ্ট কাউন্টার থেকে পূরণ করা যাবে।

অধ্যক্ষ ২৩/০১/২০২১

লালমাটিয়া মহিলা কলেজ

লালমাটিয়া, ঢাকা-১২০৭।